

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিচালকের কার্যালয়  
বীজ প্রত্যয়ন এজেন্সী  
গাজীপুর-১৭০১  
([www.sca.gov.bd](http://www.sca.gov.bd))



স্মারক নং-১২.০৪.০০০০.০১০.১৬.০১০.২২-৫৫৫


তারিখ: ০২/০৪/২৪ খ্রি:।

**বিষয়: সকল ইক্ষু গবেষণা ও ইক্ষু বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠানকে ও ডিলারকে গাইডলাইন অনুযায়ী বীজ প্রত্যয়ন এজেন্সী হতে প্রত্যয়ন গ্রহন এবং ইক্ষুর নতুন জাত ছাড়করণে বীজ প্রত্যয়ন এজেন্সীর আওতায় ট্রায়াল বাস্তবায়ন।**

সূত্র: বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউটের স্মারক নং- ১২.২৫.০০০০.০০৮.৩৩.০০.১.২১.৩৭, তারিখ: ১৩/০৩/২০২৪ খ্রি: এর পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আপনার অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৯ তম সভার আলোচ্য বিষয়-১১ এর সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউটসহ সকল ইক্ষু গবেষণা/উৎপাদনকারী প্রতিষ্ঠানগুলোকে বীজ প্রত্যয়ন এজেন্সী হতে ইক্ষুর প্রত্যয়ন গ্রহন এবং ইক্ষুর নতুন জাত ছাড়করণে বীজ প্রত্যয়ন এজেন্সীর আওতায় ট্রায়াল বাস্তবায়ন করতে হবে। ২০ জানুয়ারী, ২০২২ তারিখে ইক্ষুর বীজ প্রত্যয়ন পদ্ধতির গাইডলাইন এবং ইক্ষুর জাত উন্নয়ন, মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতি এর গেজেট নোটিফিকেশন সম্পন্ন হয়। ফলে এখন থেকে বীজ প্রত্যয়ন এজেন্সী ইক্ষু বীজের সঠিক উৎস জেনে ইক্ষু বীজের মাঠ মান (Field Standard) যাচাই করে মাঠ প্রত্যয়ন এর মাধ্যমে বিভিন্ন শ্রেণীর বীজ এর প্রত্যয়ন প্রদানে কোন বাধা নেই। দেশের স্বার্থে, কৃষকের হাতে চাহিদাসম্পন্ন, ট্যাগযুক্ত, রোগমুক্ত, বিজাতবিহীন মানসম্পন্ন ইক্ষুর বীজ পৌঁছে দেয়ার জন্য ইক্ষু বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের বীজ প্রত্যয়ন এজেন্সী হতে প্রত্যয়ন গ্রহন প্রয়োজন।

অতএব, এ বিষয়ে বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউটসহ সংশ্লিষ্ট সকল ইক্ষু গবেষণা ও ইক্ষু বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠানকে ও ডিলারকে গাইডলাইন অনুযায়ী বীজ প্রত্যয়ন এজেন্সী হতে প্রত্যয়ন গ্রহন করার জন্য এবং ইক্ষুর নতুন জাত ছাড়করণে বীজ প্রত্যয়ন এজেন্সীর আওতায় ট্রায়াল বাস্তবায়ন করার জন্য অনুরোধ হলো।



আহমেদ শাফী  
পরিচালক

ফোন: ০২-৪৯২৭২২০০

[dir.sca.gov.bd@gmail.com](mailto:dir.sca.gov.bd@gmail.com)

আহমেদ

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ইশ্বরদী, পাবনা।
- ২। আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/সিলেট/বরিশাল ও রংপুর।
- ৩। জেলা বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী (সকল)।
- ৪। ইক্ষু গবেষণা ও ইক্ষু বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান ও ডিলার (সকল)।